

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৪৮৯

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭৪. আল-কুরআনের সিজদাসমূহ

بَابُ سُجُودِ الْقُرْآنِ

## আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ النَّيْسَابُورِيُّ نَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ الْحَكَمِ نَا أَبِي وَشُعَيْبُ بْنُ اللَّيْثِ قَالَا: نَا اللَّيْثُ نَا خَالِدُ بْنُ يَزِيدَ عَنْ سَعِيدِ بْنِ أَبِي هِلَالٍ عَنْ عِيَاضِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ سَعْدِ بْنِ أَبِي سَرْحٍ عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ أَنَّهُ قَالَ: خَطَبَنَا رَسُولُ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ يَوْمًا فَقَرَأَ (ص) ، فَلَمَّا مَرَّ بِالسَّجْدَةِ نَزَلَ فَسَجَدَ وَسَجَدْنَا مَعَهُ وَقَرَأَهَا مَرَّ فَلَمَّا رَآنَا قَالَ: " إِنَّمَا هِيَ تَوْبَةُ نَبِيٍّ ، مَرَّةً أَخْرَى ، فَلَمَّا بَلَغَ السَّجْدَةَ تَيَسَّرْنَا لِلسُّجُودِ ، فَلَمَّا رَآنَا قَالَ: " إِنَّمَا هِيَ تَوْبَةُ نَبِيٍّ ، وَلَكِنِي أَرَاكُمْ قَدِ اسْتَعْدَدُتُمْ لِلسُّجُودِ " فَنَزَلَ فَسَجَدَ وَسَجَدْنَا

## বাংলা

১৪৮৯(৭). আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) ... আবু সাঈদ আল-খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একদিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের উদ্দেশে ভাষণ দেন এবং সূরা সোয়াদ পাঠ করেন। তিনি সিজদার আয়াতটি পাঠ করার পর (মিম্বার থেকে) নেমে সিজদা করেন এবং আমরাও তাঁর সাথে সেই সূরায় সিজদা করি। পরে তিনি আবার সেই সূরা পড়েন। তিনি সিজদার আয়াত পর্যন্ত পৌছলে আমরা সিজদা দিতে প্রস্তুতি নিলাম। তিনি আমাদের প্রস্তুতি দেখে বলেন, নিশ্চয়ই এটা ছিল একজন নবীর তাওবাম্বরূপ, কিন্তু আমি তোমাদের দেখছি তোমরা সিজদা দিতে প্রস্তুত হয়েছ। অতএব তিনি (মিম্বার থেকে নেমে সিজদা করলেন এবং আমরাও সিজদা করলাম।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন